



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার নং-১/২০২০

তারিখঃ ০৮ চৈত্র. ১৪২৬ বাং  
২২ মার্চ, ২০২০ ইং

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

সরকারি সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় প্রসঙ্গে।

আপনারা অবগত আছেন যে, বাংলাদেশ ব্যাংকের ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট সরকারি সিকিউরিটিজের সেকেন্ডারি মার্কেট উন্নয়নের পাশাপাশি মুদ্রানীতির উদ্দেশ্যে বাস্তবায়নকল্পে প্রাইমারি ও সেকেন্ডারি মার্কেট হতে সরকারি সিকিউরিটিজ ক্রয় এবং প্রয়োজনে তা সেকেন্ডারি মার্কেটে বিক্রয় করে থাকে। উক্ত লেনদেনসমূহ বাজার মূল্যে সম্পাদন করা হয়ে থাকে।

২। বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে বাংলাদেশ ব্যাংক নিয়মিতভাবে সরকারি সিকিউরিটিজের বিপরীতে রেপো সুবিধা প্রদান করে থাকে। বর্তমানে করোনা ভাইরাসের (কোভিড-১৯) কারণে দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের তারল্য ব্যবস্থাপনায় যাতে প্রতিবন্ধকতা সৃষ্টি না হয় সে লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক সেকেন্ডারি মার্কেট হতে সরকারি সিকিউরিটিজ ক্রয় কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩। এ লক্ষ্যে কোন তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিকট 'সহজে বিনিময়যোগ্য সম্পদ (SLR)' সংরক্ষণের পর অতিরিক্ত সরকারি সিকিউরিটিজ থাকলে তা বাংলাদেশ ব্যাংকের নিকট বাজারমূল্যে বিক্রয় করতে পারবে। এরূপ বিক্রয়ের প্রয়োজন হলে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে অত্র বিভাগের সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ খুরশীদ আলম)  
মহাব্যবস্থাপক  
ফোন: ৯৫৩০১৩১

ই-মেইল: [khurshid.alam@bb.org.bd](mailto:khurshid.alam@bb.org.bd)